সমকাল

তারিখ 22 NOV 2013
পৃষ্ঠা 20

বিসিএসে উত্তীর্ণ না হওয়ার জের

# এইচটি ইমামের বাসার সামনে ছাত্রলীগের বিক্ষোভ

■ সমকাল প্রতিবেদক

প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টা এইচটি ইমামের বাসার সামনে বিক্ষোভ করেছেন ছাত্রলীগের নেতাকর্মীরা। গতকাল রাত ৮টার দিকে রাজধানীর হেয়ার রোডের এইচটি ইমামের বাসার সামনে কেন্দ্রীয় ছাত্রলীগ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রলীগের অর্ধশত নেতাকর্মী জড়ো হন। এ সময় তাদের ৩৩তম বিসিএসে চূড়ান্তভাবে উত্তীর্ণ না করায় বিক্ষোভ করতে থাকেন। একপর্যায়ে এইচটি ইমাম তাদের সঙ্গে কথা বলেন। খবর পেয়ে রমনা থানা পুলিশের একটি দল সেখানে যায়। গতকাল ৩৩তম বিসিএস পরীক্ষার ফল ঘোষণা করা হয়। এতে বিভিন্ন ক্যাডারে চূড়ান্তভাবে আট হাজার ৫২৯ জন উত্তীর্ণ হন।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, রাত ৮টার দিকে রাজধানীর রমনা এলাকার হেয়ার রোডের এইচটি ইমামের বাসার সামনে ছাত্রলীগের নেতাকর্মীরা জড়ো হয়ে বিক্ষোভ করতে থাকেন। বাসার ভেতরে যাওয়ার জন্য দারোয়ানদের দরজা খুলে দিতে বলেন। দরজা না খোলায় এ নিয়ে ছাত্রলীগ নেতাদের সঙ্গে নিরাপত্তারক্ষীদের কথা-কাটাকাটি হয়। পরে কথা বলার জন্য এইচটি ইমাম ছাত্রলীগের কয়েক নেতাকে বাসার ভেতরে নিয়ে যান। রাত ৯টায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত ছাত্রলীগ নেতারা বাসায় বৈঠক করছিলেন। রমনা থানার ওসি মশিউর রহমান ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৪

## এইচটি ইমামের

[শেষ পৃষ্ঠার পর]

সমকালকে বলেন, ছাত্রলীগের কিছু নেতাকর্মী জনপ্রশাসন উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করতে এসেছেন। বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ না হওয়ায় তারা ক্ষোভ প্রকাশ করেন। ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সহ-সম্পাদক আসাদুজ্জামান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রতি বছর যত শিক্ষার্থী বিসিএসে উত্তীর্ণ হন, এবার তার ভগ্নাংশও হয়নি। অথচ বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষার্থী বিসিএসে উত্তীর্ণ হয়েছেন। ওই ছাত্র নেতাদের দাবি, যোগ্যতা থাকা সত্ত্বেও তাদের নিয়োগ দেওয়া হয়নি। কারণ নিয়োগ দিলে ছাত্রলীগের কেন্দ্রীয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কমিটিতে পদ ফাঁকা হবে। এ ব্যাপারে একাধিক দফায় যোগাযোগ করেও এইচটি ইমামকে পাওয়া যায়নি।